দৈনিক ইনকিলাব

তারিখ ... AUG. [illegible] ...

পৃষ্ঠা ২ কলাম ৬


# কওমী স্বীকৃতি ও আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করতে হবে -এরশাদ

**স্টাফ রিপোর্টার ঃ** জাতীয় পার্টির চেয়ারম্যান সাবেক প্রেসিডেন্ট এইচ এম এরশাদ বলেছেন, কওমী মাদ্রাসার স্বীকৃতি প্রদানসহ স্বতন্ত্র ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করতে হবে। চারদলীয় জোট সরকার এসব না করলে আমরা ক্ষমতায় গিয়ে কওমী মাদ্রাসার স্বীকৃতি দেব এবং স্বতন্ত্র ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করব। গতকাল শব-ই-মেরাজ উপলক্ষে জাতীয় ওলামা পার্টির আয়োজিত এক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন।

জাতীয় ওলামা পার্টির সভাপতি মাওলানা মুজিবুর রহমান যুক্তিবাদীর সভাপতিত্বে অনুষ্ঠিত এ আলোচনা সভা অনুষ্ঠিত হয় হোটেল ইমপেরিয়ালে। আলোচনা সভায় শব-ই-মেরাজের তাৎপর্য তুলে ধরে আরও বক্তৃতা করেন, জাতীয় পার্টির মহাসচিব এ বি এম রুহুল আমিন হাওলাদার, আবু হোসেন বাবলা, মাওলানা নজরুল ইসলাম, মাওলানা এ বি এম মুফতী শরীফুল্লাহ, মাওলানা আবুল কালাম আজাদী, মাওলানা এ কে এম ফারুক প্রমুখ।

এইচ এম এরশাদ বলেন, রাসূল (সাঃ)-এর মেরাজের মাধ্যমেই মহান আল্লাহ তায়ালা উম্মতের জন্য ৫ ওয়াক্ত নামাজ ফরজ করেছেন। আমি সেনাবাহিনীর প্রধান থাকার সময় সৈনিকদের নামাজের জন্য তাগিদ দিয়েছি।

সভাপতির বক্তৃতায় মাওলানা মুজিবুর রহমান যুক্তিবাদী বলেন, আগামীতে এরশাদের সমর্থন ছাড়া কেউ ক্ষমতায় যেতে পারবে না। তিনি দেশের সকল ওলামায়ে কেরামকে ঐক্যবদ্ধ হয়ে ইসলামী আন্দোলনের জন্য কাজ করার আহ্বান জানান। তিনি বলেন, ছোটখাটো মতভেদ ভুলে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। তিনি ওলামা পার্টিতে যোগদান করে ইসলামের খেদমত করতে সকলের প্রতি আহ্বান জানান।